18 FEB 2017

### শিক্ষামন্ত্রী বললেন

# চেতনা ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়

**সিলেট অফিস ▷**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'চেতনা ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়। দেশের আর্থসামাজিকসহ সামগ্রিক উন্নয়নে সংস্কৃতির বিকাশ ও উন্নতি খুবই প্রয়োজন।'

গতকাল সকালে সিলেটের বিয়ানীবাজারে নাট্যজন সম্মাননা পদক প্রদান ও আব্দুল ওয়াদুদ রচিত 'নাট্যচর্চায় বিয়ানীবাজার' গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'নাটকে নাটকে উঠুক জ্বলে একাত্তর'–এই স্লোগানে গড়ে ওঠা বিয়ানীবাজার সাংস্কৃতিক কমান্ড (বিসাক) এই অনুষ্ঠানের আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আব্দুল ওয়াদুদ। অনুষ্ঠানে নাট্যাঙ্গনে স্থানীয় পর্যায় বিশেষ অবদানের জন্য তাজ উদ্দিন (মরণোত্তর), সিলেট শিক্ষাবোর্ডের চেয়ারম্যান এ কে এম গোলাম কিবরিয়া তাপাদার এবং ২০১৫ সালে ঘোষিত নাট্যাঙ্গনে অবদান রাখায় সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শহিদুল ইসলাম চৌধুরীকে নাট্যজন পদক প্রদান করা হয়।